আমিষেই শক্তি, আমিষেই মুক্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ পরিকল্পনা-২ শাখা
www.mofl.gov.bd

বিষয়ঃ প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত "সরকারি দুগ্ধ খামার আধুনিকায়ন ও সেবা উন্নয়ন প্রকল্প" শীর্ষক প্রকল্পের যাচাই সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ দেলোয়ার হোসেন সচিব
সভার তারিখ	২৫/১০/২০২৬ খ্রিষ্টাব্দ.
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা।
স্থান	সম্মেলন কক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
উপস্থিতি	সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক'

২.০ উপস্থাপনা:

২.১ সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয় । সভাপতির সম্মতিক্রমে উপসচিব, প্রাণিসম্পদ পরিকল্পনা-১ সভাকে জানান, প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত "সরকারি দুগ্ধ খামার আধুনিকায়ন ও সেবা উন্নয়ন প্রকল্প" শীর্ষক প্রকল্পটি ৭৩৪০০.৪৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ০১/০৭/২০২৬ থেকে ৩০/০৬/২০৩১ মেয়াদে প্রাণিসম্পদ অধিদপ্তরের আওতাধীন ৭টি সরকারি গবাদিপশু প্রজনন ও দুগ্ধ খামার, ৩টি মহিষ খামার এবং ১টি বুল কাফ রিয়ারিং উইনিট সহ মোট ১১টি সরকারী খামারে বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। অতঃপর প্রাণিসম্পদ অধিদপ্তরের প্রতিনিধি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে প্রস্তাবিত প্রকল্পের পটভূমি, যৌক্তিকতা তুলে ধরেন। তিনি জানান যে, প্রাণিসম্পদ অধিদপ্তরের আওতায় বাস্তবায়িত "লাইভস্টক সার্ভিস ট্রান্সফরমেশন" শীর্ষক সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্পের সুপারিশের ভিত্তিতে প্রকল্পটি প্রণয়ন করা হয়েছে।

৩.০ আলোচনা:

৩.১ প্রাণিসম্পদ অধিদপ্তরের প্রতিনিধি সভাকে জানান যে, প্রকল্পের আওতায় খামারের প্রধান কার্যক্রম হলো- বিদ্যমান পুরনো স্থাপনা অপসারণ, ভূমি উন্নয়ন ও খামারসমূহের পূর্তকাজ। এছাড়াও খামার ব্যবস্থাপনা আধুনিকায়নের লক্ষ্যে খামারের জন্য গাভী ক্রয়, দুগ্ধ পরিবহনকারী যানবাহন সংগ্রহ, বিভিন্ন যন্ত্রপাতি সংগ্রহ এবং সফটওয়্যার উন্নয়ন ও সংরক্ষণ কার্যক্রম রয়েছে। প্রকল্পের আওতায় সৌর বিদ্যুত ব্যবহারের লক্ষ্যে সোলার প্যানেল স্থাপন কার্যক্রম রয়েছে। অতিরিক্ত সচিব (পরিকল্পনা) জানান যে, প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত 'দুধাল মহিষের মান উন্নয়ন ও সম্প্রসারণ' শীর্ষক একটি প্রকল্প পরিকল্পনা কমিশনে পিইসি সভার সুপারিশ এর জন্য অপেক্ষমান রয়েছে। প্রাণিসম্পদ অধিদপ্তরের আওতাধীন ৩টি মহিষ প্রজনন খামারের মহিষের জাত উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম উল্লিখিত প্রকল্পে অন্তর্ভুক্ত রয়েছে। প্রয়োজনে উক্ত প্রকল্পের আওতায় সংস্কারমূলক পূর্তকাজসমূহ অন্তর্ভুক্ত করা যেতে পারে। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর জানান যে, অনুমোদনের জন্য অপেক্ষমান প্রকল্পে মহিষের প্রজনন ও উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম অন্তর্ভুক্ত রয়েছে, আলোচ্য প্রকল্পে খামারের আধুনিকায়ন সংক্রান্ত কার্যক্রম অন্তর্ভুক্ত করা হয়েছে। অতিরিক্ত সচিব(পরিকল্পনা) সভাকে জানান, প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ও ২০২৪ সালে সমাপ্ত 'মহিষ উন্নয়ন প্রকল্প' এর আওতায় মহিষ খামারসমূহে নতুন শেডসহ অবকাঠামো নির্মাণ সম্পন্ন হয়েছে বিধায় মহিষ খামারের জন্য নতুন অবকাঠামো নির্মাণ কাজ অন্তর্ভুক্তি প্রয়োজন হবে না। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর সভাকে জানান, বুল ও কাফ রিয়ারিং ইউনিট, বগুড়া এর কার্যক্রম আপাতত প্রয়োজন নেই বিধায় প্রকল্পভুক্ত খামারের সংখ্যা ১০টি হবে। সভাপতি বলেন, কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধখামার, সাভার এ অনেক জমি অব্যবহৃত অবস্থায় রয়েছে, খামারের মূল্যবান জমির সঠিক ব্যবহারের লক্ষ্যে একটি মাস্টার প্ল্যান তৈরী করতে হবে।

৩.২ মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর জানান, গাভীর জাত উন্নয়ন ও খামারির চাহিদা বিবেচনা করে প্রকল্পের আওতায় ৩০০০ ডোজ জার্সি ক্যাটেল সিমেন, ৩০০০ ডোজ শাহীওয়াল ক্যাটেল সিমেন এবং ৫০০০ ডোজ হলস্টেইন ফ্রিজিয়ান ক্যাটেল সিমেন আমদানি করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। অতিরিক্ত সচিব(পরিকল্পনা) বলেন, মহিষ খামারসমূহে সমাপ্ত প্রকল্পের আওতায় উন্নত জাতের মহিষ সংগ্রহ করা হয়েছে বিধায় মহিষ সংগ্রহের ক্ষেত্রে প্রয়োজন সাপেক্ষে শুধুমাত্র দেশী মহিষ সংগ্রহ করা যেতে পারে। প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত 'দেশী গরুর জাত সংরক্ষণ ও উন্নয়ন ' শীর্ষক একটি প্রকল্প ইতোমধ্যে পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদনের জন্য পিইসি সভায় সুপারিশ করা হয়েছে। উক্ত প্রকল্পেরে আওতায় দেশীয় গরুর জাত উন্নয়নের লক্ষ্যে

গরু(গাভী/ষাড়) সংগ্রহের লক্ষ্যমাত্রা রয়েছে। সুতরাং আলোচ্য প্রকল্পের আওতায় দেশী গরু সংগ্রহ প্রয়োজন হবে না।

৩.৩ অতিরিক্ত সচিব(পরিকল্পনা) বলেন, খামারসমূহে সংস্কার কাজের লক্ষ্যে খামারগুলি কবে নির্মাণ করা হয়েছে, সর্বশেষ কখন সংস্কার করা হয়েছে এবং খামার ভিত্তিক সংস্কার কাজের তালিকা ডিপিপিতে সংযুক্ত করা প্রয়োজন। এছাড়াও খামারভিত্তিক গবাদিপশুর ধারণ ক্ষমতা, বিদ্যমান পশুর সংখ্যা এবং বার্ষিক ব্যয়, বার্ষিক দুধ উৎপাদন ও দুধ/পশু বিক্রয় বাবদ বার্ষিক রাজস্ব আয়ের পরিসংখ্যান ডিপিপিতে সংযুক্ত করা প্রয়োজন। মহিষ খামার, সাভার এ দুগ্ধ পরিবহনকারী যানবাহন প্রয়োজন হবে না বিধায় দুগ্ধ পরিবহনকারী যান সংগ্রহ ৯টি করা যেতে পারে। সম্পদের সুষ্ঠু ব্যবহারের লক্ষ্যে কেন্দ্রীয় খামারের আওতাধীন পশুখাদ্য কারখানা(টিএমআর) চালুর ব্যবস্থা গ্রহণে পরিকল্পনা থাকা প্রয়োজন। সভাপতি টিএমআর মেশিন চালুর লক্ষ্যে বিকল্প প্রস্তাব সমূহ বিবেচনা করে প্রকল্পের আওতায় কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করেন।

৩.৪ সভাপতি বলেন যে, প্রকল্পের আওতাভুক্ত প্রতিটি খামারে যে পরিমাণ বিদ্যুৎ ব্যবহৃত হয়, তা প্রতিটি খামারে অনগ্রিড সোলার সিস্টেম স্থাপনের মাধ্যমে পূরণ করা সম্ভব এবং প্রয়োজনে জাতীয় গ্রিডে সরবরাহ করা যেতে পারে। সোলার থেকে বিদ্যুৎ স্টোরেজে সক্ষম প্রযুক্তির সোলার প্যানেল স্থাপনে গুরুত্ব আরোপ করেন। এ লক্ষ্যে খামারের ভবন ও শেডসমূহে সোলার প্যানেল স্থাপনের নির্দেশনা প্রদান করেন। সৌর বিদ্যুৎ উৎপাদনের বিষয়ে সভায় সকলে একমত পোষণ করেন।

৩.৫ উপসচিব(প্রাণিসম্পদ পরিকল্পনা-১) সভাকে জানান, জনবলের বেতন-ভাতার প্রাক্কলনে জাতীয় বেতন স্কেল-২০২৬, আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা-২০২৫ অনুসরণ করা প্রয়োজন। পূর্তকাজের প্রাক্কলনে সর্বশেষ পিডব্লিউ রেট শিডিউল অনুসরণ করতে হবে। প্রকল্পের বছরভিত্তিক ব্যয় পাচ বছরে একইহারে প্রাক্কলন করা হয়েছে, যা বাস্তবসম্মত নয়। সভাপতি প্রাক্কলিত ব্যয় প্রথম ও পঞ্চম বছরে কমিয়ে দ্বিতীয়, তৃতীয় এবং চতুর্থ বছরে বাড়ানোর নির্দেশনা প্রদান করেন। তিনি প্রতিটি খামারে বিগত ০৫ (পাঁচ) বছরের রাজস্ব আহরণ এবং প্রকল্প বাস্তবায়নের পরবর্তী পাচ বছরে রাজস্ব আহরণ লক্ষ্যমাত্রা ডিপিপিতে সংযুক্ত করার নির্দেশনা প্রদান করেন।

৪.০ সিদ্ধান্ত:
বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়-

৪.১ প্রকল্প এলাকা থেকে বুল কাফ রিয়ারিং ইউনিট কাম মিনি ল্যাব, বগুড়া বাদ দিতে হবে;
৪.২ দ্বৈততা পরিহারের লক্ষ্যে মহিষ খামারসমূহের কার্যক্রম পুনর্বিন্যাস করতে হবে;
৪.৩ 'কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার' এর জমির উপযুক্ত ব্যবহারের লক্ষ্যে একটি মাস্টার প্ল্যান প্রণয়ন করতে হবে;
৪.৪ গবাদি পশু/সিমেন সংগ্রহের ক্ষেত্রে অন্যান্য প্রকল্পের সাথে দ্বৈততা পরিহার করা হয়েছে- বিষয়টি নিশ্চিত করতে হবে;
৪.৫ খামার সমূহের পূর্ত নির্মাণ/সংস্কার কাজসমূহ যৌক্তিক করার লক্ষ্যে খামারের প্রতিষ্ঠাকাল, সর্বশেষ সংস্কার কাজের সময় উল্লেখসহ খামার ভিত্তিক সংস্কার কাজের তালিকা ডিপিপিতে সংযুক্ত করতে হবে;
৪.৬ খামার ভিত্তিক গবাদিপশুর ধারণ ক্ষমতা , বিদ্যমান পশুর ক্যাটাগরীভিত্তিক পরিসংখ্যান ডিপিপিতে সংযুক্ত করতে হবে;
৪.৭ বিদ্যমান সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে হবে;
৪.৮ বর্তমানে অব্যবহৃত অবস্থায় থাকা 'কেন্দ্রীয় গো প্রজনন ও দুগ্ধ খামার' এর আওতাধীন পশুখাদ্য কারখানা টিএমআর চালুর জন্য প্রকল্পের আওতায় কার্যক্রম নিতে হবে;
৪.৯ প্রতিটি খামারে অনগ্রিড সোলার সিস্টেম অন্তর্ভুক্ত করতে হবে। খামার পরিচালনায় ব্যবহৃত বিদ্যুতের চাহিদা পূরণ করে জাতীয় গ্রিডে বিদ্যুৎ সরবরাহ করার লক্ষ্যে উপযুক্ত প্রযুক্তির সোলার প্যানেল প্রকল্পের আওতায় স্থাপন করতে হবে;
৪.১০ প্রকল্পভুক্ত খামারসমূহে বার্ষিক পরিচালন ব্যয় ,দুধ উৎপাদন , বিগত পাচ বছরে দুধ/গবাদি পশু বিক্রি সহ মোট রাজস্ব আয় এবং প্রকল্প বাস্তবায়ন পরবর্তী পাচ বছরের সম্ভাব্য রাজস্ব আয় এর তথ্যাদি ডিপিপিতে সংযুক্ত করতে হবে'; এবং

৪.১১ জনবলের ব্যয় নির্ধারণে জাতীয় বেতন স্কেল-২০২৬ এবং আউটসোর্সিং সেবাগ্রহণ নীতিমালা-২০২৫ অনুসরণ করতে হবে;
৪.১২ পূর্ত নির্মাণ কাজের প্রাক্কলন নির্ধারণে সর্বশেষ রেট শিডিউল অনুসরণ করতে হবে এবং
৪.১৩ ডিপিপিতে প্রাক্কলিত ব্যয় প্রথম এবং পঞ্চম বছরে কমিয়ে ২য়, ৩য় এবং ৪র্থ বছরে যৌক্তিকভাবে নির্ধারণ করতে হবে।

৫.০ সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

সংযুক্তিঃ
(১) পরিশিষ্ট-ক

০১-১১-২০২৬
মোঃ দেলোয়ার হোসেন
সচিব

তারিখ: ১৬ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
০১ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর: ৩৩.০০.০০০০.০০০.১৪০.১৪.০০০৬.২৬.৭০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব, প্রাণিসম্পদ-১ অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
২। অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৩। যুগ্মসচিব, পরিকল্পনা-২ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৪। যুগ্মসচিব, বাজেট অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৫। যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা-১ অধিশাখা , মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৬। মহাপরিচালক (ভারপ্রাপ্ত), মহাপরিচালকের দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর।
৭। উপসচিব, মনিটরিং-১ শাখা , মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৮। উপসচিব, প্রাণিসম্পদ পরিকল্পনা-১ শাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৯। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
১০। পরিচালক, পরিকল্পনা শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর।
১১। চীফ, পরিকল্পনা ও মূল্যায়ন কোষ, পরিকল্পনা ও মূল্যায়ন কোষ, প্রাণিসম্পদ অধিদপ্তর।
১২। উপপরিচালক, ডিজিজ কন্ট্রোল/ প্রোডাকশন/ টেকনোলজি ট্রান্সফার প্লানিং , পরিকল্পনা শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর।
১৩। প্রাণিসম্পদ পরিসংখ্যান কর্মকর্তা, পরিকল্পনা শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর।
১৪। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (লীভ, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ), পরিকল্পনা শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর।
১৫। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পরিকল্পনা ও মূল্যায়ন কোষ, প্রাণিসম্পদ অধিদপ্তর।
১৬। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সভার কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৪-১১-২০২৬
মোঃ মাহবুবর রহমান
উপসচিব